



লিবারেল পার্টি বাংলাদেশ

[www.liberalbd.org](http://www.liberalbd.org)

৪৩৫ বড় মগবাজার, ওয়্যারলেস রেলগেট, ৪র্থ তলা, ঢাকা-১২১৭, ফোন: ৯৩৬০৭৭৪

তারিখ: ২৬ অক্টোবর ২০০৬ ইং

নতুন লিবারেল রাজনৈতিক দলের আত্মপ্রকাশে শেখ মহিউদ্দিন

দীর্ঘদিনের অভ্যাস সত্ত্বেও আরো একটি পরিবারতন্ত্র প্রতিষ্ঠা বা সামন্ততান্ত্রিক  
জাতীয়তাবাদ চর্চা বা অন্য দলের কুৎসা প্রচার না করে লিবারেল দর্শনকে  
জাতির সামনে তুলে ধরার আহ্বান

বাংলাদেশে আরো একটি লিবারেল রাজনৈতিক দল আত্মপ্রকাশ করায় এক বিবৃতি প্রকাশ  
করেছেন লিবারেল পার্টি বাংলাদেশের নির্বাসিত প্রেসিডেন্ট শেখ মহিউদ্দিন আহমেদ।  
আয়ারল্যান্ড থেকে প্রেরিত বার্তায় তিনি বলেন, বাংলাদেশে আরো একটি লিবারেল  
রাজনীতির প্ল্যাটফর্ম তৈরী প্রমান করেছে এতদিন এই সকল রাজনীতিবিদগন ভুল  
রাজনৈতিক দর্শন চর্চা করেছেন, যদিও বড় বড় দলগুলোতে রাজনৈতিক দর্শন চর্চা নেই  
বা সুযোগও নেই, পাশাপাশি দলগুলোর শীর্ষ নেতারা রাজনৈতিক দর্শন চর্চার কোন  
সুযোগও কাউকে দেন না।

তিনি আশা প্রকাশ করে বলেন, নতুন লিবারেল রাজনীতির প্ল্যাটফর্মটি যেটি ডা:  
বদরুদ্দোজা চৌধুরী এবং কর্নেল (অব) আলির নেতৃত্বে সংঘবদ্ধ হয়েছে ( যদিও একই  
নামে জনৈক আকরাম হোসেনের নেতৃত্বে আরো একটি দল রয়েছে) তারা সঠিক  
লিবারেল গণতান্ত্রিক রাজনৈতিক দর্শনকেই তুলে ধরবেন।

তিনি এও আশা প্রকাশ করে বলেন, তারা জাতিকে আরো একটি নতুন পরিবারতন্ত্র  
প্রতিষ্ঠার দিকে এই দলকে নিয়ে যাবেন না এবং সামন্ততান্ত্রিক জাতীয়তাবাদ চর্চা করবেন  
না ( দীর্ঘদিনের পুরনো অভ্যাস সত্ত্বেও)। সকল রাজনৈতিক দলকে মর্যাদা দেবেন এবং  
অন্য দলের কুৎসা প্রচার না করে নিজেদের পরিকল্পনা জাতির সামনে তুলে ধরার চেষ্টায়  
ব্যস্ত থাকবেন।

জনাব শেখ মহিউদ্দিন আরো বলেন, লিবারেল রাজনীতি গলাবাজিতে নয় পরিকল্পনা,  
প্রশিক্ষণ, গবেষণা এবং জনগণকে সেবা দানের লক্ষ্যে পরিচালিত একটি রাজনৈতিক  
দর্শন। ক্ষমতার চর্চা বা শাসক হবার কল্পনা এখানে নেই (যদিও শাসন ক্ষমতার  
ভাগাভাগির কারনেই এরা বিএনপি নামের জাতীয়তাবাদ ত্যাগ করেছেন) কেবলমাত্র  
জনগণকে সেবাদানের লক্ষ্যেই এটি পরিচালিত হতে হবে। নতুবা এটি লিবারেল  
রাজনৈতিক দলের নামে চলার যোগ্যতা হারাবে (রাশিয়ায় এই একই নাম ব্যবহার করে  
ভ্লাদিমির বিরনভস্কি প্রথমদিকে উগ্রপন্থা অবলম্বন করে এই ভুলটি করেছিলেন)।

শেখ মহিউদ্দিন আহমেদ

বার্তা প্রেরক-  
আবুল বাশার পাটোয়ারী  
দপ্তর সম্পাদক